

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. ২০. নির্বিচার গণহত্যার নির্দেশ অমান্য করার শাস্তি

বাইবেল থেকে আমরা দেখি যে, ঈশ্বরের নির্দেশ না মানলে তিনি ক্রুদ্ধ হন এবং বিশ্বাসী ধার্মিককেও শাস্তি দেন। প্রতিমাপূজা, ব্যভিচার, ধর্ষণ ইত্যাদির জন্য ঈশ্বর বিভিন্ন সময়ে অনেক মানুষকে শাস্তি দিয়েছেন। তবে তিনি সবচেয়ে বেশি ক্রুদ্ধ হয়েছেন এবং কঠোরতম শাস্তি দিয়েছেন গণহত্যার নির্দেশ পালন না করার কারণে। আমরা দেখি যে, শলোমন নবী প্রতিমাপূজা করেছেন, কিন্তু ঈশ্বর তাঁকে শাস্তি দেননি; তবে তাঁর বংশধরদের রাজত্ব কিছু সংকুচিত করেছেন। দাউদ নবী ব্যভিচার ও হত্যায় লিপ্ত হয়েছেন। তিনি অনুতপ্ত হওয়াতে ঈশ্বর তাঁকে ক্ষমা করে তাঁর ব্যভিচার-জাত সন্তানকে মৃত্যুদণ্ড দিয়েছেন। তবে তাঁর বংশধরদের শাস্তি দেননি। কিন্তু ঈশ্বরের নবী ও খ্রিষ্ট তালুত গণহত্যার নির্দেশ প্রায় শতভাগ পালন করার পরেও একজন মানুষ এবং কিছু পশু হত্যা না করার কারণে ঈশ্বর এত বেশি ক্রুদ্ধ হন যে, তিনি তালুতকেও শাস্তি দেন এবং তাঁর বংশধরদেরকেও শাস্তি দেন। অনুরূপভাবে অন্য এক রাজা 'আহাব' প্রতিমাপূজা, বাল-দেবতার পূজা ও অন্য অনেক অন্যায় করলেও ঈশ্বর তাকে নগদ শাস্তি দেননি। কিন্তু হত্যার নির্দেশ অমান্য করায় তাকে নগদ শাস্তি দিয়েছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14574

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন